শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা

E-mail: shu.bangladesh@gmail.com
Web: www.shu.edu.bd

স্মারক: (০০১) শে.হা.বি/প্রশাসন/২০১৯/১৫৮ তারিখ: ১২/০৩/২০১৯ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা'র নিম্নোক্ত শূন্য পদসমূহে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে আলোচ্য শর্তাদি পূরণ সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে:

ক্রঃ নং	পদের নাম, বিভাগ, বেতন স্কেল ও বয়স	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	অধ্যাপক বিভাগ: বাংলা, ইংরেজি ও অর্থনীতি বেতন স্কেল: ৫৬৫০০-৭৪৪০০/-	বাংলা - (০১) ইংরেজি- (০১) অর্থনীতি- (০১)	১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রিসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকা আবশ্যক। ২. এসএসসি/সমমান এবং এইচএসসি/ সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম জিপিএ ৪.২৫ থাকা আবশ্যক। ৩. স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় সিজিপিএ ৪.০০ -এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৪০ থাকতে হবে। কোর্স -পদ্ধতির ক্ষেত্রে এসএসসি হতে স্নাতকোত্তর পরীক্ষায় অন্তত তিনটি প্রথম শ্রেণি/বিভাগ থাকা আবশ্যক। অন্যটিতে ৫০% নম্বরসহ দ্বিতীয় বিভাগ/শ্রেণি থাকা আবশ্যক। ৪. প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রিসহ বিশ্ববিদ্যালয় পর্যায়ে কমপক্ষে ১২ (বার) বছরের শিক্ষকতার বাস্তব অভিজ্ঞতার মধ্যে সহযোগী অধ্যাপক পদে ন্যূনতম ০৪ (চার) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। স্বীকৃত জার্নালে কমপক্ষে ১০ (দশ) টি প্রকাশনা (তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে কমপক্ষে ৫টি) থাকতে হবে। বিশেষ যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে যেকোন একটি শর্ত শিথিল করা যেতে পারে।
২.	সহকারী অধ্যাপক বিভাগ: বাংলা, ইংরেজি ও অর্থনীতি বেতন স্কেল: ৩৫৫০০-৬৭০১০/-	বাংলা - (০১) ইংরেজি- (০১) অর্থনীতি- (০১)	১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রিসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকা আবশ্যক। ২. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম জিপিএ ৪.২৫ থাকা আবশ্যক। ৩. স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় সিজিপিএ ৪.০০ -এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৪০ থাকতে হবে। কোর্স-পদ্ধতির ক্ষেত্রে এসএসসি হতে স্নাতকোত্তর পরীক্ষায় অন্তত তিনটি প্রথম শ্রেণি/বিভাগ থাকতে হবে। অন্যটিতে ৫০% নম্বরসহ দ্বিতীয় বিভাগ/শ্রেণি থাকা আবশ্যক। ৪. স্নাতকোত্তর/সমমানের ডিগ্রিপ্রাপ্তদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে ন্যূনতম ৩ (তিন) বছরের সক্রিয় শিক্ষাকতার অভিজ্ঞতা থাকা আবশ্যক। ৫. এমফিল/সমমানের ডিগ্রিপ্রাপ্তদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয়ে ন্যূনতম ২ (দুই) বছরের সক্রিয় শিক্ষাকতার অভিজ্ঞতা থাকা আবশ্যক। ৬. পিএইচডি ডিগ্রিপ্রাপ্তদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয়ে ন্যূনতম ১ (এক) বছরের সক্রিয় শিক্ষাকতার অভিজ্ঞতা/স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে প্রথম শ্রেণির কর্মকর্তা পদে ৪ (চার) বছরের চাকরির অভিজ্ঞতা থাকা আবশ্যক। ৭. স্বীকৃত কোনো জার্নালে (পিয়ার রিভিউ জার্নাল) ন্যূনতম ৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে, যার মধ্যে First Author হিসেবে ন্যূনতম ১ (এক) টি প্রকাশনা থাকা আবশ্যক।
৩.	প্রভাষক বিভাগ: বাংলা, ইংরেজি ও অর্থনীতি বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/-	বাংলা - (০১) ইংরেজি- (০১) অর্থনীতি- (০১)	১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রিসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকা আবশ্যক। ২. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম জিপিএ ৪.২৫ থাকা আবশ্যক। ৩. স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় সিজিপিএ ৪.০০ -এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৪০ থাকতে হবে। কোর্স-পদ্ধতির ক্ষেত্রে এসএসসি হতে স্নাতকোত্তর পরীক্ষায় অন্তত তিনটি প্রথম শ্রেণি/বিভাগ থাকতে হবে। অন্যটিতে ৫০% নম্বরসহ দ্বিতীয় বিভাগ/শ্রেণি থাকা আবশ্যক।

নির্দেশনা:

১. আবেদন ফরম Website: www.shubd.net -এ পাওয়া যাবে।
২. প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, নিজ জেলা, জন্ম তারিখ, জাতীয়তা, ধর্ম, মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখপূর্বক রেজিস্ট্রার, 'শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা' (কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি), নেত্রকোণা) বরাবর আবেদন করতে হবে।
৩. সকল পরীক্ষায় উত্তীর্ণ সনদ, অভিজ্ঞতার সনদ, ইউনিয়ন কাউন্সিল/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনারের কাছ থেকে নাগরিকত্বের সনদ এবং সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩ কপি সত্যায়িত ছবি সম্বলিত ০৮ (আট) সেট আবেদনপত্র দাখিল করতে হবে।
৪. প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
৫. অধ্যাপক পদের বিপরীতে ১০০০/- এবং সহকারী অধ্যাপক/প্রভাষক পদের বিপরীতে ৫০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অগ্রণী ব্যাংকের যে কোন শাখা হতে রেজিস্ট্রার 'শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা'র অনুকূলে আবেদনপত্রের সাথে সংযুক্ত করে প্রেরণ করতে হবে।
৬. প্রার্থীদের অবশ্যই পদের নাম ও বর্তমান ঠিকানাসহ ১০/- টাকার অব্যবহৃত ডাকটিকেট সম্বলিত একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৭. চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৮. আবেদনপত্র আগামী ১২/০৩/২০১৯ থেকে ০৪/০৪/২০১৯ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে রেজিস্ট্রার, 'শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা' (কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, নেত্রকোণা) বরাবর ডাকযোগে পৌঁছাতে হবে।
৯. বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশী বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) হতে ইস্যুকৃত সমমানের সনদ মৌখিক পরীক্ষার সময় অবশ্যই দাখিল করতে হবে।
১০. জিপিএ/সিজিপিএ-তে ফলাফলপ্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার বিভাগ/শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/ইউজিসি কর্তৃক জারিকৃত সংশ্লিষ্ট প্রজ্ঞাপন/পরিপত্র অনুসরণ করা হবে। পরীক্ষার ফল প্রকাশিত হয়নি এমন প্রার্থীদের আবেদনপত্র বিবেচিত হবে না।
১১. কোনো প্রার্থী নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোনো তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১২. প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবল যোগ্য প্রার্থীদেরকে লিখিত পরীক্ষা/মৌখিক পরীক্ষায় ডাকা হবে। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনপ্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৩. আবেদনকারী প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি অবশ্যই প্রদর্শন করতে হবে।
১৪. কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বর্জন এবং নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২.০৩.২০১৯
কাজী নাসির উদ্দিন
রেজিস্ট্রার
শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা